বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫
ফ্যাক্স ঃ ৮৬৫০৮৮৩, ওয়েবসাইট ঃ www.ntrca.gov.bd
ই-মেইলঃ ntrca2005@yahoo.com

স্মারক নং-বেশিনিক/পমূপ্র/৭ম নিঃ পঃ/৩২৪/২০১১/৫৬১ তারিখ ঃ ০৭ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ

## ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১১-এর
## সম্পূরক বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত পদে নিয়োগযোগ্য প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১১-তে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

| শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয় / কলেজ | প্রভাষক | পালি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশি-ষ্ট বিষয়ে অনার্স ডিগ্রিসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। অথবা; স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশি-ষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি। অথবা সংশি-ষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষাজীবনে ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে।) |

২. **জ্ঞাতব্য ঃ** প্রার্থীকে ১০০ নম্বরের আবশ্যিক বিষয় এবং ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়সহ মোট ২০০ নম্বরের পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। প্রতি বিষয়ের পাস নম্বর ৪০। আবশ্যিক বিষয়ের ১০০ নম্বর MCQ পদ্ধতিতে ১০০টি প্রশ্নের জন্য সময় ১ ঘণ্টা এবং ঐচ্ছিক বিষয়ের ১০০ নম্বরের লিখিত পরীক্ষার জন্য সময় ৩ ঘণ্টা। আবশ্যিক বিষয়ের MCQ প্রশ্নে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন করা হবে। উক্ত বিষয়ের পরীক্ষা ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১১-এর কলেজ পর্যায়ের আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের সাথে আগামী ৩ ডিসেম্বর ২০১১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

৩. প্রার্থীকে (http://ntrca.teletalk.com.bd) এই ওয়েবসাইটে আবেদন ফরম পূরণ করতে হবে। আগামী ১০ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ তারিখ হতে ২০ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ তারিখ পর্যন্ড় ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করা যাবে।

৪. ওয়েবসাইটে আবেদনের পর প্রত্যেক আবেদনকারীকে একটি Invoice Number প্রদান করা হবে। পরবর্তীতে ঐ Invoice Number দিয়ে অনধিক ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে যে কোন টেলিটক প্রি-প্রেইড মোবাইলের SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল হয়ে যাবে। উলে-খ্য যে, টাকা জমা ব্যতীত শুধুমাত্র হার্ডকপির মাধ্যমে আবেদন প্রেরণ করলে তা বাতিল হবে।

৫. SMS-এ পরীক্ষার ফি প্রদানের পর প্রার্থীকে Invoice Number, Password এবং Serial Number SMS-এর মাধ্যমে দেয়া হবে। অত:পর প্রার্থীকে (http://ntrca.teletalk.com.bd) এই ওয়েবসাইটে ঢুকে Invoice Number ও Password ব্যবহার করে (পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নামসহ) প্রবেশপত্র প্রিন্ট করে নিতে হবে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি দৈনিক পত্রিকা, এনটিআরসিএ'র ওয়েবসাইট (www.ntrca.gov.bd) অথবা (http://ntrca.teletalk.com.bd) এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র বৈধ প্রার্থীকে) পরবর্তীতে জানানো হবে। সে মোতাবেক আবেদনকারী প্রবেশপত্র সংগ্রহ করবেন।

৬. টেলিটক মোবাইলের SMS-এর মাধ্যমে এ পরীক্ষার ফি প্রদানের পর প্রাপ্ত Invoice Number ও Serial Number খামের উপরে বামপার্শ্বে এবং পদের নাম, বিষয়ের নাম ও যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের নাম ডানপার্শ্বে স্পষ্টভাবে উলে-খ করতে হবে। প্রার্থীর পরীক্ষার কেন্দ্র, পরীক্ষার বিষয় কিংবা আবেদনপত্রে পূরণকৃত কোন তথ্য যা প্রার্থী পূরণ করবেন তাই চূড়ান্ড় বলে গণ্য হবে এবং কোন পরিবর্তন/সংশোধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

৭. **প্রয়োজনীয় সনদসমূহ** ঃ Online-এ পূরণকৃত আবেদনপত্র প্রিন্ট করে তার সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বর ফর্দের (মার্কসিট) সত্যায়িত অনুলিপি ও এক কপি Blue Background সহ রঙ্গিন পাসপোর্ট সাইজ ছবি। উলে-খ্য Online আবেদনেও একই ছবি স্ক্যান করে দিতে হবে।

৮. **আবেদনের হার্ডকপি প্রেরণের ঠিকানা ঃ সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, নায়েম একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫)-এর** নিকট সরাসরি/ডাকযোগে আগামী ২৫ সেপ্টেম্বর ২০১১ খ্রিঃ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ও সংশি-ষ্ট কাগজপত্রের হার্ডকপি এনটিআরসিএ'র দপ্তরে পৌঁছাতে ব্যর্থ হলে সংশি-ষ্ট প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. প্রার্থীর আবেদনপত্র বিজ্ঞাপিত শর্তানুযায়ী যাচাই বাছাইয়ে সঠিক পাওয়া গেলে সংশি-ষ্ট প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য (বৈধ) প্রার্থী হিসেবে বিবেচিত হবেন।

১০. আবেদনের হার্ডকপি খাকি খামে ভরে এনটিআরসিএ দপ্তরে প্রেরণ করতে হবে।

১১. ইতঃপূর্বে অন্য কোন বিষয়ে নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী যোগ্যতা সাপেক্ষে ৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১১-এ অংশগ্রহণ করতে পারবেন।

১২. প্রার্থী তাঁর আবেদনপত্রে পরীক্ষা কেন্দ্র হিসেবে যে জেলার নাম উলে-খ করবেন সে জেলার পরীক্ষা কেন্দ্রে তাঁকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩. দেশের পুরাতন বিশটি জেলা শহরে (দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, কুমিল-া, নোয়াখালী, চট্টগ্রাম , বরিশাল, পটুয়াখালী, সিলেট ও রাঙ্গামাটি) ৭ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৪. সতর্কতা ঃ Online আবেদনপত্রে, পরীক্ষার OMR উত্তরপত্রে প্রয়োজনীয় তথ্য প্রদানে কোন প্রকার ভুল/ঘষামাজা/কাটাকাটি হলে সংশি-ষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে এবং এ সংক্রান্ড় কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৫. পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীকে প্রশ্নপত্রে উলি-খিত বিষয় কোড, সেট কোড ও প্রবেশপত্রে উলি-খিত রোল নম্বর আবশ্যিক বিষয়ের OMR উত্তরপত্র এবং ঐচ্ছিক বিষয়ের উত্তরপত্রের OMR-এর ১ম অংশের নির্ধারিত স্থানে লিখতে হবে এবং সংশি-ষ্ট বৃত্তগুলো সঠিকভাবে ভরাট করতে হবে। বৃত্ত সঠিকভাবে পূরণ না করলে ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১৬. প্রার্থীর প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশি-ষ্ট প্রার্থীর নিবন্ধন পরীক্ষা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না। প্রত্যেক আবেদনকারীকে চারিত্রিক ও নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে।

১৮. উত্তীর্ণ প্রার্থীদের নিবন্ধিত করে ৫ (পাঁচ) বছরের জন্য নিবন্ধন সনদ প্রদান করা হবে। নিবন্ধিত ব্যক্তিগণ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট শিক্ষক পদে নিয়োগ পাওয়ার জন্য আবেদন করার যোগ্যতা অর্জন করবেন।

১৯. ৭ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১১-এর এই বিজ্ঞপ্তি, পরীক্ষার সিলেবাস, ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এনটিআরসিএ'র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা (http://ntrca.teletalk.com.bd)-এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

২০. প্রার্থী নিজ জেলা হিসেবে যে জেলার নাম আবেদনে উল্লেখ করবেন, উত্তীর্ণ প্রার্থী সে জেলার জেলা শিক্ষা কর্মকর্তার অফিসে তাঁর নিবন্ধন সনদ পাবেন।

২১. পরীক্ষা সংক্রান্ত অতিরিক্ত কোন তথ্য NTRCA-এর ০২-৮৬৫০৬৯৭, ৮৬৫০৮৯৪, ৮৬৫২৩৩৭, ৮৬৫০৭৪৭, ৯৬১৫৭৫০ ও ৯৬৬৮০৫১ ও ৮৬৫০৭৩৭ নম্বর টেলিফোনে অথবা wasiuzzaman@gmail.com ও zillur_13493@yahoo.com থেকে জানা যাবে।

২২. পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ছামেনা বেগম
সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা।